

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
ইরেসপো কর্মসূচি
পল্লী ভবন (৬ষ্ঠ তলা), ৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫


স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০০৬.২২.৩৭৬

তারিখ: ১ নভেম্বর ২০২৩

বিষয় : ব্যাখ্যা তলব।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়িত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা ইরেসপো কর্মসূচি ও ২য় পর্যায় প্রকল্পভুক্ত মঠবাড়িয়া, পিরোজপুর উপজেলায় আপনার দায়িত্বাধীন ৩টি সমিতির ১৬ জন সদস্য হতে ঋণ ও সঞ্চয় বাবদ আদায়কৃত অর্থ হতে ৪৫,৫৬০.০০ টাকা হস্তমজুদ করেছেন। হস্তমজুদের তথ্য উৎঘাটনের পর হস্তমজুদকৃত অর্থ সংশ্লিষ্ট হিসাবে জমা প্রদান করায় সুস্পষ্টভাবে প্রতীয়মান হয় যে, আপনি ইচ্ছাকৃতভাবে আত্মসাতের উদ্দেশ্যে হস্তমজুদ করেছেন। এছাড়া অন্যান্য সমিতির সদস্যদের কাছ থেকে কিস্তিতে আদায়কৃত অর্থ জমা প্রদান না করে আত্মসাৎ করেছেন মর্মে অভিযোগ রয়েছে।

এমতাবস্থায়, ইচ্ছাকৃতভাবে আত্মসাতের উদ্দেশ্যে হস্তমজুদ করায় ইরেসপো কর্মচারী ব্যবস্থাপনা ও পরিচালন নীতিমালা ২০২২ এর বিধি ২৪(জ) অনুযায়ী আত্মসাতের দায়ে দোষী স্বাব্যস্ত করে বিধি ২৫ (খ) অনুযায়ী কেন গুরুদণ্ড প্রদান করা হবে না তার জবাব আগামী ১২ নভেম্বর, ২০২৩ তারিখের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণ করার জন্য বলা হলো।


মোহাম্মদ শৌকতুল আলম
কর্মসূচি পরিচালক

জনাব বিরিঞ্চি মন্ডল
মাঠ সংগঠক, ইরেসপো
বিআরডিবি, মঠবাড়িয়া, পিরোজপুর।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. উপপরিচালক, বিআরডিবি, পিরোজপুর।
২. পোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, মঠবাড়িয়া, পিরোজপুর।
৪. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৫. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৬. অফিস নথি।